গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর
গুলফেশাঁ প্লাজা (৮ম-১০ম ও ১৩ তম তলা)
৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, বড় মগবাজার, ঢাকা-১২১৭
www.vatintelligence.gov.bd

নথি নং-২(৭)নিঃগোঃতঃঅঃ/ইটি/নব নিয়োগ-৭৮৮/২০১৯/৬১৭ তারিখ ঃ ২৮/১২/২০২২ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং-০৮.০০.০০০০.০৩৮.১১.০০৬.২১.২২২, তারিখ: ২৬/০৭/২০২২খ্রিঃ এর মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকার শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে দরখাস্ত আহবান করা যাইতেছে:

| ক্র. নং. | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | প্রয়োজনীয় যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১. | কম্পিউটার অপারেটর | ০২ (দুই) | গ্রেড-১১ (১২,৫০০-৩০,২৩০) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | ঢাকা, ফরিদপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ শেরপুর, চাঁদপুর, কুমিল্লা, রাজশাহী, নাটোর, গাইবান্ধা, যশোর, নড়াইল, বাগেরহাট, ভোলা, পটুয়াখালী জেলা ব্যতীত সকল জেলার নাগরিক আবেদন করিতে পারিবেন।<br>তবে, এতিম ও প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সকল জেলার নাগরিক আবেদন করিতে পারিবেন। |
| ২. | উচ্চমান সহকারী | ০১ (এক) | গ্রেড ১৪ (১০,২০০-২৪,৬৮০) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। | |
| ৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ (এক) | গ্রেড ১৬ (৯,৩০০-২২,৪৯০) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। | |
| ৪. | ড্রাইভার | ০১ (এক) | গ্রেড ১৬ (৯,৩০০-২২,৪৯০) | (ক) অষ্টম শ্রেণী পাস; এবং<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ী চালনায় অন্যূন ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। | |

**আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করিতে হইবে:**

১) ০৫/০২/২০২৩ খ্রি. তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তানের বয়সসীমা এবং প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে উচ্চমান সহকারী, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।

২) সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করিয়া আবেদন করিবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করিতে হইবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হইবে না।

৩) নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হইবে।

৪) লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/শারীরিক পরীক্ষা/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হইবে না।

৫) মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের মূলকপিসহ সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের মূল কপি এবং জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের মূলকপি প্রদর্শন করিতে হইবে।

৬) মৌখিক পরীক্ষার সময় অনলাইনে পূরণকৃত Application Form সহ জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের একসেট ফটোকপি এবং ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সকল দলিলাদি ও ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হইতে হইবে) দাখিল করিতে হইবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের এক সেট ফটোকপিও দাখিল করিতে হইবে।

৭) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে মৌখিক পরীক্ষার সময় অনলাইনে পূরণকৃত Application Form সহ সরকারের সর্বশেষ নীতিমালা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে।

৮) এতিম, প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে মৌখিক পরীক্ষার সময় অনলাইনে পূরণকৃত Application Form সহ সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে।

৯) বিদ্যমান বিধি-বিধান অনুযায়ী লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করিতে হইবে।

**১০) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলি:**

ক) প্রার্থীকে http://vataii.teletalk.com.bd ওয়েবলিংকে আবেদনপত্র পূরণ করিতে হইবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫/০১/২০২৩ খ্রিঃ, সকাল ১০:০০ টা।

ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ০৫/০২/২০২৩ খ্রি., বিকাল ০৪:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় হইতে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করিবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হইতে হইবে।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সংরক্ষণ করিবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাইবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করিয়া সংরক্ষণ করিবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেওয়া থাকিবে এবং User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করিয়া আবেদন ফি বাবদ ক্রমিক নং ১ এর ক্ষেত্রে ৩০০/-(তিনশত) টাকা ও Teletalk সার্ভিস চার্জ বাবদ ৩৪ টাকাসহ মোট ৩৩৪/- (তিনশত চৌত্রিশ) টাকা এবং ক্রমিক নং ২ হইতে ৪ এর ক্ষেত্রে ২০০/- (দুইশত) টাকা ও Teletalk সার্ভিস চার্জ বাবদ ২৩ টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা প্রদান করিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হইলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হইবে না"।

প্রথম SMS: **VATAII**<space>**User ID** লিখিয়া Send করিতে হইবে 16222 নম্বরে।

Example: **VATAII ABCDEF**

Reply: Applicant's Name, Tk ............ will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type VATAII<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **VATAII**<space>**Yes**<space>**PIN** লিখিয়া Send করিতে হইবে 16222 নম্বরে।

**Example: VATAII YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for VATAII Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://vataii.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে অবহিত করা হইবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা

সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Colour Print করিয়া নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন;

ছ) শুধুমাত্র টেলিটক প্রি পেইড মোবাইল ফোন হইতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

i. User ID জানা থাকিলে **VATAII**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **VATAII Help User ABCDEF** & send to16222

ii. PIN Number জানা থাকিলে: **VATAII**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: VATAII Help PIN 12345678 & send to 16222.

১১) পরীক্ষার স্থান ও সময়সূচি পরবর্তীতে এসএমএস এবং এ দপ্তরের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

১২) একই প্রার্থী একাধিক পদে আবেদন করিতে পারিবেন না।

১৩) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলিয়া গণ্য হইবে।

১৪) ভুল/মিথ্যা তথ্য প্রদান বা জাল দলিলাদি দাখিল করিলে প্রার্থীতা বাতিলসহ পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৫) নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

28.12.2022

অথেলো চৌধুরী
উপ-পরিচালক
নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর
মূল্য সংযোজন কর, ঢাকা
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি।